



ফরিদ মুজহার
রক্তাক্ত সার্ট

কতোইবা বয়েস ছিল তোমার
যোল কি সতের
ইস্কুল পেরোওনি তখনো
শিশুতোষ সময়ের সিঁড়ি বেয়ে
কৈশোর ছুঁয়েছো মাত্র।
গোঁফ দাড়ি খুব একটা উঁকি দেয়নি মুখে।
এমোন বয়েসকালে এখোনকার ছেলেদের হাতে
শোভা পায় অপশন সমৃদ্ধ মুঠোফোন
আর তোমার হাতে ছিলো বিক্ষোভমুখ গ্লেনেড

একালের ছেলেদের আঙ্গুলে দোল খায়
ল্যাপটপ কি বোর্ডের ডিজিটাল পেইম শো
আর তোমার আঙ্গুল ছিলো সতর্ক ট্রিগারে

যে কাঁধে এ সময়ের ছেলেরা নেয় সুরেলা গিটার
তোমার কাঁধে ছিলো প্রতিরোধের রাইফেল

তুমি গণতন্ত্রের সংজ্ঞা না বুঝেও
আগুয়ান হয়েছ মুক্তযুদ্ধে
তুমি সমাজতন্ত্রের তাত্ত্বিকতা না বুঝেও
লড়াতে গিয়েছো অসমাপ্ত যুদ্ধে।
মানবিকতা এই ধর্মের শিক্ষায়
তুমি সাজাতে গিয়েছিলে ধর্মনিরপেক্ষতা
বাঙালি জাতিসত্ত্বা বুঝার
বয়েস না হলেও
সাহসের বীজ উগু করেছো তুমি
কোটি বাঙলাভাষির হৃদয়ে
হে কিশোর হে সাহসী বীর
হে চিরঞ্জীব মুক্তিযোদ্ধা আবু জাহিদ
তোমার রক্তাক্ত সার্টের বিনিময়েই
আমারা পেয়েছি বাংলাদেশের পতাকা।

সত্তর দশক থেকে লিখছেন
অধিবাস, এ্যাপার্টমেন্ট সি/৭ রমনা টাওয়ার ১২৫, বড় মঘবাজার, ঢাকা- ১২১৭